সমঝোতা স্মারক

(Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

রোটারী ক্লাব অব ঢাকা অবনী

ডিস্ট্রিক্ট - ৩২৮১

রোটারী ইন্টারন্যাশনাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খগ ৭৫৬৩৬৫১



**যুব উন্নয়ন অধিদপ্তর ও রোটারী ক্লাব অব ঢাকা অবনী এর মধ্যে সমঝোতা স্মারক**

দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানব সম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অর্ন্তভূক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রাতিষ্ঠানিক ও ৪৯৮টি উপজেলায় (১০টি মেট্রোপলিটন ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমূখী আয়সঞ্চারণমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৬৩.২৩,০৬৭ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২২,৬৩,৮৪৭ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৯,৭৮,১৫০ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

অপরদিকে, রোটারী ক্লাব একটি আন্তর্জাতিক সেবা সংগঠন। রোটারী ক্লাব অব ঢাকা অবনী ডিস্ট্রিক্ট-৩২৮১, রোটারী ইন্টারন্যাশনালের একটি অংশ। ইতিমধ্যেই যুব সমাজের সামাজিক মূল্যবোধ, সচেতনতা ও কর্মসংস্থান সৃষ্টির কাজে যুক্ত রয়েছে ক্লাবটি। তাদের বেকারত্ব দূরীকরণে আর্থিক সহায়তা প্রদান ও প্রশিক্ষণ কর্মসূচি রয়েছে। রোটার‍্যাক্ট যাদের বয়স ১৮ থেকে ৩৫ বছর তারা সহ যুব সমাজের বিভিন্ন উন্নয়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে যৌথ উদ্যোগে কাজ করতে আগ্রহী। এলক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য উভয় পক্ষ সম্মত হয়।

**সমঝোতা স্মারকের বিষয়:**

১। বেকার যুবদের কর্মপ্রত্যাশী হওয়ার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও যুব কার্যক্রম প্রচার।

২। বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন দক্ষতামূলক প্রশিক্ষণে অন্তর্ভূক্তিকরণ।

৩। যুবনারীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৪। প্রশিক্ষণান্তে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও সহায়তাদানের ব্যবস্থা করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খগ ৭৫৬৩৬৫৪



৫। ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, কুষ্টিয়া, যশোর, খুলনা, গাইবান্দা, জামালপুর ও ময়মনসিংহ এই ৯টি জেলায় যুবদের নেতৃত্ব বিকাশ, সাংগঠনিক দক্ষতা বৃদ্ধি ও মানবীয় গুণাবলী অর্জনে বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ করা।

৬। প্রশিক্ষণপ্রাপ্তদের রিফ্রেসার্স প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৭। স্বেচ্ছাসেবামূলক ও সমাজ সচেতনতামূলক বিভিন্ন কর্মকান্ডে যুবদের নিয়োজিত করা।

সম্পাদিত সমঝোতা স্মারক ০৩(তিন) বছরের জন্য বলবৎ থাকবে। পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিক্রমে সময়সীমা বৃদ্ধি করা যেতে পারে।

উল্লেখিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর প্রথম পক্ষ এবং রোটারী ক্লাব অব ঢাকা অবনী দ্বিতীয় পক্ষ হিসাবে কাজ করবে।

**যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয়ঃ**

১। প্রতি অর্থবছর এর শুরুতে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় প্রকার প্রশিক্ষণের চাহিদার ভিত্তিতে অধিদপ্তরের নিকট রোটারী ক্লাব প্রশিক্ষণার্থীর সংখ্যা অবহিত করবে এবং সে অনুযায়ী অধিদপ্তরের প্রশিক্ষণ পরিচালনায় প্রচলিত বিধি মোতাবেক বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

২। অধিদপ্তরের প্রশিক্ষণার্থী (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক) নির্বাচনের ক্ষেত্রে রোটারী ক্লাবের সদস্যাদের অন্তর্ভূক্ত করার বিষয়টি বিবেচনা করবে।

৩। আত্মকর্মসংস্থানের জন্য অধিদপ্তরের বাজেট সংকুলান হওয়া সাপেক্ষে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে অধিদপ্তরের ঋণ নীতিমালা ও নির্দেশিকা মোতাবেক ঋণ কর্মসূচির আওতাভূক্ত করবে।

**রোটারী ক্লাব অব ঢাকা অবনীর করণীয়ঃ**

১। রোটারী ক্লাবের আগ্রহী ও উৎসাহী যুব সদস্য/সদস্যাদের প্রশিক্ষণের জন্য অধিদপ্তরে নাম প্রেরণ করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খগ ৭৫৬৩৬৫৬



২। প্রশিক্ষিত যুবদেরকে প্রশিক্ষণোত্তর সেবা যেমন- আত্মকর্মসংস্থান/উদ্যোক্তা তৈরীতে মেন্টরিং সেবা প্রদান করবে।

৩। প্রশিক্ষিত যুবদের মধ্যে কতজন যুবক/যুবনারী কর্মসংস্থান/উদ্যোক্তায় পরিণত হতে পারছে না তার কারণ চিহ্নিত করে যোগাযোগের মাধ্যমে তাদের কর্মে নিয়োজিত করা।

৪। প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থান সংক্রান্ত ত্রৈমাসিক রিপোর্ট অধিদপ্তরে প্রেরণ করা হবে।

৫। যে সকল কেন্দ্রে রোটারী ক্লাবের সদস্যের প্রশিক্ষণ দেয়া হবে ঐসব কেন্দ্রে রোটারী ক্লাব কর্তৃক কাউন্সিলর/প্রেসনোট সহযোগী নিয়োজিত করা।

৬। প্রশিক্ষণ পরবর্তী যুবদের স্বাবলম্বি করে গড়ে তোলার লক্ষ্যে রোটারি ক্লাব অব ঢাকা অবনী প্রকল্প পরিচালনা করবে। এক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরকে সম্পৃক্ত করে পরামর্শ গ্রহণ করবে।

৭। যুবদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ঢাকা জেলায় একটি বিশেষ প্রশিক্ষণ কেন্দ্র চালু করার পরিকল্পনা রয়েছে। যেখানে Culinary & Hospitality Management বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হবে।

৮। প্রশিক্ষিত যুবদের একটি ডাটাবেইজ সংরক্ষণ করা হবে।

**যুব উন্নয়ন অধিদপ্তর ও রোটারি ক্লাব অব ঢাকা অবনি এর যৌথ উদ্যোগ সমুহঃ**

১। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ও রোটারী ক্লাবের সভাপতি এর যৌথ স্বাক্ষরে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।

২। বাৎসরিক যুব উৎসবসহ জেলা ও উপজেলা পর্যায়ে উদযাপিত অধিদপ্তর আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে ক্লাবের সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে রোটারী ক্লাব অব ঢাকা অবনী ও অধিদপ্তর যৌথভাবে কাজ করবে।

৩। কর্মসূচি বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিবছর একবার উভয় পক্ষের কর্মকর্তাদের মধ্যে মাঠ পর্যায়/কেন্দ্রীয়ভাবে সমন্বয় সভা অনুষ্ঠানের আয়োজন করবে। সমন্বয় সভা আয়োজনের সকল খরচ রোটারী ক্লাব অব ঢাকা অবনী বহন করবে। তবে সাভার ও বগুড়ায় সমন্বয় সভা অনুষ্ঠানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ভেন্যু এবং আবাসনের ব্যবস্থা করবে।

৪। নির্ধারিত ৯ জেলা সদর ও আওতাধীন উপজেলা সমুহের যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র সমুহে রোটারি ক্লাব অব ঢাকা অবনি প্রেরিত প্রশিক্ষণার্থীরা অগ্রাধিকার পেতে পারে। উক্ত প্রশিক্ষণার্থীরা যুব উন্নয়ন অধিদপ্তরের নির্ধারিত সুযোগ/সেবা লাভ করতে পারে।

৫। রোটারি ক্লাব অব ঢাকা অবনী সমঝোতা চুক্তিবদ্ধ এলাকাসমুহের যেকোনো একটি এলাকায় প্রতি মাসে একবার করে যুব উন্নয়ন অধিদপ্তর নির্ধারিত বিষয়ে জনসচেতনতামুলক বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়াম, র‌্যালি, যুব সমাবেশ ইত্যাদি আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে। যেখানে স্থানীয় গন্যমান্য ব্যক্তি, সমাজসেবক, মিডিয়াকর্মী, যুব সংগঠক ও সরকারি-বেসরকারি ব্যক্তিবর্গকে সংশ্লিষ্ট করা হবে। এ উদ্যোগে রোটারি ক্লাব অব ঢাকা অবনী প্রেরিত যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিবর্গ, রোটারি ক্লাব অব ঢাকা অবনির সদস্যবৃন্দ, ক্লাবের আওতাধীন রোটারেক্টর ও ইন্টারেক্টরা, স্থানীয় রোটারি ক্লাবের সদস্যবৃন্দ উপস্থিত থেকে আয়োজনকে সার্বিকভাবে সাফল্যমন্ডিত করবে।

এক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর অফিস, অডিটোরিয়াম, ডরমেটরিসহ লজিস্টিক সহোযোগিতা প্রদান করবে।

অনুষ্ঠান আয়োজনের সেমিনার সিম্পোজিয়ামসহ বিভিন্ন সচেতনতামূলক অনুষ্ঠানের ব্যানার, ফেস্টুনসহ অনুষ্ঠানের উপকরণসহ অন্যান্য খরচ রোটারী ক্লাব অব অবণী বহন করবে।

৬। রোটারি ক্লাব ঢাকা অবনী প্রশিক্ষণ প্রাপ্তদের আত্বকর্মসংস্থান সৃস্টির লক্ষ্যে সরকারি ঋণ সহয়তার পাশাপাশি রোটারি ইন্টারন্যাশনালের বিভিন্ন পর্যায় থেকে ফান্ড সংগ্রহ করে সর্বাত্মক প্রচেষ্টা চালাবে।

০৭। <u>পরিচালনা/মনিটরিং সংশ্লিষ্ট কমিটি গঠন:</u>

| নং | পদবী ও প্রতিষ্ঠান | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১। | পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর | আহবায়ক |
| ০২। | প্রেসিডেন্ট, রোটারি ক্লাব অব ঢাকা অবনী | সদস্য |
| ০৩। | উপপরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর | |
| ০৪। | উপপরিচালক (প্রশিক্ষণ-১), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ০৫। | উপপরিচালক (প্রশিক্ষণ-২), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ০৬। | প্রতিনিধি, রোটারি ক্লাব অব ঢাকা অবনী | সদস্য |
| ০৭। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |

**<u>কমিটির কার্যপরিধি:</u>**

০১। যৌথ উদ্যোগের কার্যক্রম সুপারভিশন করা;

০২। বাস্তবায়নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ, নির্দেশনা ও অনুমোদন প্রদান;

০৩। কার্যক্রম পর্যালোচনা;

০৪। প্রয়োজনীয় সভা আহবান ও সিদ্ধান্ত গ্রহণ।

৮। প্রশিক্ষিত যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জনসচেতনতা মুলক বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়াম, র‍্যালি, সমাবেশ, মতবিনিময়, যুবসমাবেশ ইত্যাদি আয়জনের সম্ভাব্য সময় সূচীঃ

**Year Plan of 2021**
**Youth Development Program**

| Month | Region | Details |
|---|---|---|
| February-April | Gazipur<br>Dhaka<br>Narayanganj | Need based on available course. |
| May-July | Kushtia<br>Jashore<br>Khulna | session once per month as per area selected by both parties. |
| August-October | Gaibanda<br>Jamalpur<br>Mymensingh | Session once per month as per area selected by both parties. |
| November-December | Any program deferred | Evaluation and Yearly Plan for next year. |

৯। এ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন মতবিরোধ বা সমস্যার উদ্ভব হলে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে তা সমাধান করবে অথবা বাতিল করার ক্ষমতা রাখেন। তবে উভয় পক্ষ সমঝোতা স্মারক(MoU) বাতিল করার ০৩(তিন) মাস পূর্বে বিষয়টি অবহিত করবেন। প্রয়োজনে উভয় পক্ষ আলোচনাপূর্বক সমঝোতার মাধ্যমে নতুন শর্তাবলী সংযোজন বা বিয়োজন করতে পারবে।

উল্লিখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে অদ্য ০৮-০৬-২০২১ খ্রি. তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

**দ্বিতীয় পক্ষ**

08/06/2021

সারমিন মিশু
সভাপতি (২০২০-২০২১)
রোটারী ক্লাব অব ঢাকা অবনী
জেলা ৩২৮১, রোটারী ইন্টারন্যাশনাল
কুষ্টিয়া সমিতি ভবন, লিফট # ৫
৬০ পুরানা পল্টন লাইন, শান্তিনগর
ঢাকা – ১০০০, বাংলাদেশ।

**প্রথম পক্ষ**

৮/৬/২১

মো: আজহারুল ইসলাম খান
মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

সাক্ষী :

১। ডঃ অনুপম হোসেন
প্রাক্তন সভাপতি (২০১৯-২০২০)
রোটারী ক্লাব অব ঢাকা অবনী
জেলা ৩২৮১, রোটারী ইন্টারন্যাশনাল

২। হাফিজউদ্দিন আহম্মেদ তুহিন
আসন্ন সভাপতি (২০২১-২০২২)
রোটারী ক্লাব অব ঢাকা অবনী
জেলা ৩২৮১, রোটারী ইন্টারন্যাশনাল

সাক্ষী :

08/06/2021

১। আবুল ফয়েজ মো: আলাউদ্দিন খান
পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৮/৬/২১

২। ফরহাত নূর
উপ-পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।